রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ৫, ২০১৬

**[অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]**

**পুলিশ হেডকোয়ার্টার্স**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২১ পৌষ, ১৪২২ বঙ্গাব্দ/ ০৪ জানুয়ারি, ২০১৬ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং-০১/আইন/২০১৬।**—Police Act, 1861 (Act No. V of 1861) এর section 12 এ প্রদত্ত ক্ষমতাবলে মহা-পুলিশ পরিদর্শক, সরকারের অনুমোদনক্রমে, পুলিশ বাহিনীর অধীন পৃথক তদন্ত ইউনিট গঠনের লক্ষ্যে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

**১। সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

**২। সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(১) **''অপরাধ''** অর্থ তফসিলে উল্লিখিত কোন অপরাধ;

(২) **''জেলা''** অর্থ Code of Civil Procedure, 1908 (Act No. V of 1908) এর section 2 এর clause (4) এ সংজ্ঞায়িত "district';

(৩) **''তদন্ত''** অর্থ Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 4 এর sub-section (i) এর clause (l) এ সংজ্ঞায়িত 'Investigation';

(৪) **''তফসিল''** অর্থ এই বিধিমালার তফসিল;



মূল্যঃ টাকা ৮.০০

(৫) **"পুলিশ"** অর্থ পুলিশ আইনের section 1 এ ব্যাখ্যায়িত 'police';

(৬) **''পুলিশ আইন''** অর্থ Police Act, 1861 (Act No. V of 1861);

(৭) **"পুলিশ রেগুলেশন"** অর্থ Police Regulations Bengal, 1943;

(৮) **''পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন" বা "পিবিআই''** অর্থ পুলিশ আইনের ধারা ১২ এ প্রদত্ত ক্ষমতাবলে মহা-পুলিশ পরিদর্শক কর্তৃক, সরকারের অনুমোদনক্রমে, ১৬ চৈত্র, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ৩০ মার্চ, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং ৭১-আইন/২০১৫ মূলে পুলিশ বাহিনীর অধীন গঠিত 'পৃথক তদন্ত ইউনিট (পিবিআই)';

(৯) **''পিবিআই সদস্য''** অর্থ পিবিআই এ নিয়োজিত কোন পুলিশ সদস্য;

(১০) **''ফৌজদারি কার্যবিধি''** অর্থ Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898); এবং

(১১) **''মহা-পুলিশ পরিদর্শক ও উপ-মহা পুলিশ পরিদর্শক''** অর্থ পুলিশ আইনের ধারা ৪ এ উল্লিখিত Inspector General of Police এবং Deputy Inspector General of Police।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি, ক্ষেত্রমত, পুলিশ আইন, ফৌজদারী কার্যবিধি বা পুলিশ রেগুলেশনে যেই অর্থে ব্যবহৃত হইয়াছে, সেই অর্থে প্রযোজ্য হইবে।

**৩। পিবিআই এর ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি, ইত্যাদি।**—এই বিধিমালার কোন বিধির সহিত অসামঞ্জস্যপূর্ণ না হওয়া সাপেক্ষে, এই বিধিতে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই এইরূপ বিষয়ে পুলিশ বাহিনীর জন্য প্রযোজ্য ফৌজদারি কার্যবিধির বিধানাবলী, পুলিশ আইন এবং উহার ক্ষমতাবলে জারীকৃত বিধি, প্রবিধান, রেগুলেশন, আদেশ, নির্দেশনা, নীতিমালা, পরিপত্র, অফিস স্মারক বা সরকারি আদেশ পিবিআই এর ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

**৪। পিবিআই এর হেডকোয়ার্টার্স।**—পিবিআই এর হেডকোয়ার্টার্স ঢাকায় থাকিবে।

**৫। প্রশাসন, পরিচালনা ও অধিক্ষেত্র।**—(১) সরকারের নিয়ন্ত্রণে, মহা-পুলিশ পরিদর্শক এর তত্ত্বাবধানে, অন্যূন উপ মহা-পুলিশ পরিদর্শক পদমর্যাদার একজন পুলিশ কর্মকর্তার নেতৃত্বে, পিবিআই এর যাবতীয় কার্যক্রম পরিচালিত হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত উপ মহা-পুলিশ পরিদর্শক পিবিআই এর অধিক্ষেত্রাধীন ও আওতাধীন বিষয়ে সকল প্রকার ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিবেন।

(৩) ফৌজদারি কার্যবিধির বিধানসমূহ প্রয়োগের সুবিধার্থে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে মেট্রোপলিটন ও জেলার আওতাধীন এলাকা ও সকল থানা পিবিআই এর অধিক্ষেত্রাধীন বলিয়া গণ্য হইবে।

৬। **পিবিআই এর কার্যাবলী**।—পিবিআই এর কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা:—

(ক) আধুনিক প্রযুক্তি নির্ভর একটি স্বতন্ত্র ও স্বয়ংসম্পূর্ণ পৃথক তদন্ত সংস্থা হিসাবে কাজ করা;

(খ) তদন্তের জন্য প্রাপ্ত মামলার দ্রুত, গ্রহণযোগ্য এবং বস্তুনিষ্ঠ তদন্ত নিশ্চিত করা;

(গ) তদন্তের স্বার্থে অধিক্ষেত্রের অপরাধ সংশ্লিষ্ট তথ্য ও গোয়েন্দা তথ্যাদি সংগ্রহ করা এবং পুলিশ বাহিনীর সংশ্লিষ্ট যে কোন শাখা, বিভাগ, সংস্থা বা ইউনিটের সহিত গোয়েন্দা তথ্যাবলীর পারস্পরিক আদান-প্রদান করা;

(ঘ) কর্ম সম্পাদনের সুবিধার্থে অধিক্ষেত্রের আওতাধীন সংশ্লিষ্ট ব্যক্তি, কর্তৃপক্ষ, দপ্তর অথবা সংস্থার সহিত পারস্পরিক যোগাযোগ রক্ষা ও সহযোগিতা প্রদান করা; এবং

(ঙ) তদন্ত বাবস্থাপনা এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয় সম্পর্কে, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে, জাতীয় ও আন্তর্জাতিক সম্মেলন, সেমিনার ও সিম্পোজিয়ামের আয়োজন, পরিচালনা এবং উহাতে অংশগ্রহণ করা।

৭। **পিবিআই সদস্যের দায়িত্ব ও কর্তব্য, ইত্যাদি**।—পিবিআই সদস্যের দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথা:—

(ক) পিবিআই এর সদস্যগণ বিধি ৩ এ উল্লিখিত আইন, বিধি, প্রবিধান ও উপর্যুক্ত কর্তৃপক্ষের আদেশ অনুযায়ী তাহাদের উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য পালন করিবেন;

(খ) পিবিআই এর তদন্ত কর্মকর্তাগণ ফৌজদারি কার্যবিধি অনুসারে থানার অফিসার ইনচার্জ এর ন্যায় গ্রেফতার, আটক, তল্লাশী ও জব্দের ক্ষমতাসহ তদন্ত সংশ্লিষ্ট সকল ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন; এবং

(গ) সংঘবদ্ধ অপরাধ (organized crime) সংক্রান্ত মামলা তদন্ত এবং অপরাধীদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য পিবিআই হেডকোয়ার্টার্স এর পিবিআই সদস্য সমন্বয়ে গঠিত বিশেষায়িত টিম দায়িত্ব পালন করিবে।

৮। **পিবিআই কর্তৃক মামলার তদন্তকার্য পরিচালনা, ইত্যাদি**।—(১) পিবিআই তফসিলভুক্ত অপরাধ সংশ্লিষ্ট মামলার তদন্ত কার্য সম্পন্ন করিবে এবং নিম্নবর্ণিত পদ্ধতিতে উক্তরূপ তদন্ত কার্য পরিচালিত হইবে, যথাঃ—

(ক) তফসিলভুক্ত অপরাধ সংক্রান্ত কোন ঘটনা সংঘটনের সাথে সাথে অথবা মামলা রুজু হওয়ার ২৪ ঘণ্টার মধ্যে প্রাথমিক তথ্য বিবরণীর (F.I.R) অনুলিপি থানার অফিসার ইনচার্জ জেলার দায়িত্বে নিয়োজিত পিবিআই কর্মকর্তাকে অবহিত করিবেন;

(খ) প্রাথমিক Crime Scene Management হইতে মামলা হস্তান্তর হওয়া পর্যন্ত থানা পুলিশ ঘটনাস্থল সংরক্ষণ, প্রাথমিক তদন্ত ও আসামী গ্রেফতার করিবে;

(গ) পিবিআই কোন মামলার তদন্ত কার্যক্রম আরম্ভ করিলে ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ এর লিখিত অনুমোদন ব্যতীত অন্য কোন সংস্থায় উক্ত মামলা হস্তান্তর করা যাইবে না;

(ঘ) সিআইডি এবং পিবিআই কর্তৃক একই সময়ে কোন মামলা তদন্তের বিষয় উত্থাপিত হইলে সিআইডি উক্ত মামলা গ্রহণ করিবে; এবং

(ঙ) পুলিশ কমিশনার বা, ক্ষেত্রমত, জেলা পুলিশ সুপার'কে পিবিআই এর তফসিলভুক্ত মামলা হস্তান্তর করার অনুরোধ করা হইলে অনতিবিলম্বে পুলিশ কমিশনার বা, ক্ষেত্রমত, জেলা পুলিশ সুপার পিবিআই এর নিকট তদন্তের জন্য মামলা হস্তান্তর করিবেন।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন পিবিআই তফসিলভুক্ত অপরাধের পাশাপাশি তফসিলভূক্ত অপরাধ ছাড়াও আদালত, সরকার বা ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ কর্তৃক, সময় সময়, নির্দেশিত অপরাধের তদন্ত কার্য পরিচালনা করিবে।

(৩) এই বিধিমালার অধীন সুষ্ঠু তদন্ত কার্য পরিচালনার প্রয়োজনে পিবিআই এর হাজতখানা, মালখানা ও জিজ্ঞাসাবাদ কক্ষ থাকিবে।

৯। **পিবিআই কর্তৃক গ্রেফতার, পলায়ন ও পুনরায় গ্রেফতার, সমন, ক্রোক, তল্লাশি, ইত্যাদি।**—বিধি ৩ এবং ৭ এর সহিত সংগতিপূর্ণ হওয়া সাপেক্ষে গ্রেফতার, পলায়ন ও পুনরায় গ্রেফতার, সমন, ক্রোক, তল্লাশি এবং তদন্ত সংক্রান্ত অন্যান্য কার্যক্রমের ক্ষেত্রে পিবিআই সদস্যগণ, ফৌজদারী কার্যবিধি বা, ক্ষেত্রমত, পুলিশ রেগুলেশন এর সংশ্লিষ্ট বিধান অনুসরণ করিবে।

১০। **তদন্ত সম্পন্নের সময়সীমা।**—তফসিলভুক্ত অপরাধের বা স্থানান্তরিত কোন অপরাধের মামলার তদন্ত সংশ্লিষ্ট দায়িত্ব গ্রহণ করিবার পর তদন্তকারী কর্মকর্তা উক্ত অপরাধ সংশ্লিষ্ট আইনে নির্ধারিত সময়সীমার (যদি থাকে) মধ্যে তদন্ত কার্য সম্পন্ন করিবেন।

১১। **পিবিআই এর কার্যক্রমে পুলিশ কমিশনার/জেলা পুলিশ সুপার এর দায়িত্ব।**—পিবিআই এর কার্যক্রমে পুলিশ কমিশনার এবং, ক্ষেত্রমত, জেলা পুলিশ সুপার এর দায়িত্ব হইবে নিম্নরূপ ঃ—

(ক) মামলা তদন্তের প্রয়োজনে আসামী গ্রেফতার, তল্লাশি ইত্যাদি কার্যক্রমে পিবিআই এর চাহিদা মোতাবেক জনবল, অস্ত্র-শস্ত্র এবং অন্যান্য লজিস্টিকস সহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করিবেন;

(খ) মাসিক আইন-শৃঙ্খলা সম্পর্কিত সভা বা অপরাধ সভায় পিবিআই এর প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করিবেন; এবং

(গ) তথ্য ও গোয়েন্দা তথ্য সংগ্রহে প্রয়োজনীয় সকল সহযোগিতা প্রদান করিবেন।

১২। **পুলিশ বাহিনীর অন্যান্য ইউনিটের সহিত সমন্বয় সাধন।**—পিবিআই পুলিশ বাহিনীর অন্যান্য ইউনিটের সহিত নিম্নরূপে সমন্বয় সাধন করিবে, যথা ঃ—

(ক) তদন্ত কার্য, অপারেশন, প্রশাসনিক ও লজিস্টিকস্ সংক্রান্ত বিষয়ে পিবিআই পুলিশ বাহিনীর সকল ইউনিটের সাথে সমন্বয় সাধন করিবে;

(খ) পুলিশ বাহিনীর সংশ্লিষ্ট শাখা, বিভাগ, সংস্থা বা ইউনিটের সহায়তা গ্রহণ করিবে; এবং

(গ) তদন্ত সংক্রান্ত প্রশিক্ষণের বিষয়, প্রশিক্ষণ সংক্রান্ত কার্যাদি সম্পাদন ও পাঠ্যক্রম উন্নয়নে পুলিশ বাহিনীর সংশ্লিষ্ট যে কোন শাখা, বিভাগ, সংস্থা বা ইউনিট, ইত্যাদির সহিত যোগাযোগ রক্ষা করিবে।

১৩। **লিগ্যাল সেল।**—(১) পিবিআই এর হেডকোয়ার্টার্স এ একটি লিগ্যাল সেল থাকিবে, যাহার কার্যক্রম হইবে রিট পিটিশন, আইনগত নোটিশ, নারাজি দরখাস্ত, এডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনাল, রিভিউ, ডিমান্ড অব জাস্টিস নোটিশ, আদালত অবমাননা, ইত্যাদি সংক্রান্ত বিষয়ে বা বিচার অঙ্গনে যথাযথ পদক্ষেপ গ্রহণসহ সকল আনুষ্ঠানিকতা সম্পন্নের লক্ষ্যে আনুষঙ্গিক ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা এবং অনুরূপ ব্যবস্থা গ্রহণের সুবিধার্থে সরকারের নিকট হইতে বাজেট সংগ্রহ করা।

(২) বিচার প্রক্রিয়ায় আইনানুগ লক্ষ্য অর্জনের জন্য, ক্ষেত্রমত, মামলার তদন্তের যে কোন পর্যায়ে অথবা তদন্ত কার্য সমাপ্ত হইবার পর বা বিচার কার্য শুরু হইবার পর সংশ্লিষ্ট সংস্থা, অফিস, সরকারি কৌসুলী, সলিসিটর, অ্যাটর্নি-জেনারেলের অফিস, আদালত সংশ্লিষ্ট পুলিশের প্রসিকিউশন উইং, ইত্যাদির সহিত সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা এবং সমন্বয় সাধন করা।

১৪। **সাধারণ ডায়েরী, পরামর্শ বহি, পরিদর্শন বহি ইত্যাদি সংরক্ষণ।**—(১) পুলিশ আইন, পুলিশ রেগুলেশন এর বিধান এবং বি.পি.ফরম অনুযায়ী সাধারণ ডায়েরীসহ সংশ্লিষ্ট অন্যান্য রেজিস্টার পিবিআই সংরক্ষণ করিবে।

(২) পিবিআই এর এক বা একাধিক পরামর্শ বহি, পরিদর্শন বহি ও পর্যবেক্ষণ বহি থাকিবে।

১৫। **রেজিস্টার ও অন্যান্য রেকর্ড পত্র সংরক্ষণ।**—পিবিআই পুলিশ রেগুলেশনে বর্ণিত রেজিস্টারসমূহের আলোকে যুগোপযোগী প্রয়োজনীয় ও আনুষঙ্গিক বিভিন্ন প্রকার রেজিস্টার ও রেকর্ডপত্র সংরক্ষণ করিবে।

১৬। **হেফাজত সংক্রান্ত বিধান।**—মহা-পুলিশ পরিদর্শক কর্তৃক বিগত ১৬ চৈত্র, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ৩০ মার্চ, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং ৭১-আইন/২০১৫ মূলে পুলিশ বাহিনীর অধীন গঠিত 'পৃথক তদন্ত ইউনিট (পিবিআই)' কর্তৃক কৃত ও সম্পাদিত সকল কার্যাদি এই বিধিমালা কার্যকর হইবার সংগে সংগে, এই বিধিমালার সহিত অসামঞ্জস্যপূর্ণ না হওয়া সাপেক্ষে, কৃত ও সম্পাদিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**তফসিল**

[**বিধি ২** (৩) এবং (৪)]

| ক্রমিক নং | অপরাধের ধরন বা প্রকৃতি | সংশ্লিষ্ট আইন ও ধারা(প্রযোজ্য ক্ষেত্রে) |
|---|---|---|
| ১. | খুন | Penal Code, 1860 (Act No. XLV of 1860) এর section 302 |
| ২. | ডাকাতি, দস্যুতা, খুনসহ ডাকাতি | Penal Code, 1860 (Act No. XLV of 1860) এর sections 392, 393, 394, 395, 396, 397 |
| ৩. | উদ্দেশ্যমূলকভাবে অগ্নি বা বিস্ফোরক দ্রব্য ব্যবহার | Penal Code, 1860 (Act No. XLV of 1860) এর sections 435, 436 |
| ৪. | গাড়ি চুরি | Penal Code, 1860 (Act No. XLV of 1860) এর sections 379, 380 |
| ৫. | জোরপূর্বক সম্পত্তি আদায় | Penal Code, 1860 (Act No. XLV of 1860) এর sections 385, 386, 387 |
| ৬. | প্রতারণা ও অপরাধজনক বিশ্বাস ভঙ্গ | Penal Code, 1860 (Act No. XLV of 1860) এর sections 406, 419, 420 |
| ৭. | ধর্ষণ | নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ এর ধারা ৯ (২০০০ সনের ৮নং আইন) |
| ৮. | অস্ত্র সংক্রান্ত | Arms Act, 1878 (Act No. XI of 1878) |
| ৯. | বিস্ফোরক দ্রব্য সংক্রান্ত | Explosives Act, 1884 (Act No. IV of 1884) |
| ১০. | কম্পিউটার, কম্পিউটার সিস্টেম বা কম্পিউটার নেটওয়ার্ক, ইত্যাদি সংক্রান্ত | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ (২০০৬ সনের ৩৯ নং আইন) |
| ১১. | মানব পাচার সংক্রান্ত | মানব পাচার প্রতিরোধ ও দমন আইন, ২০১২ (২০১২ সনের ৩ নং আইন) |

| ক্রমিক নং | অপরাধের ধরন বা প্রকৃতি | সংশ্লিষ্ট আইন ও ধারা(প্রযোজ্য ক্ষেত্রে) |
|---|---|---|
| ১২. | সন্ত্রাসী কার্য সংক্রান্ত | সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০০৯ সনের ১৬ নং আইন) |
| ১৩. | চোরাচালান ও কালোবাজারি | Special Powers Act, 1974 (Act No. XIV of 1974) এর sections 25, 25B |
| ১৪. | মাদকদ্রব্য সংক্রান্ত | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০ নং আইন) |
| ১৫. | নিরাপদ খাদ্য ব্যবস্থা সম্পর্কিত | নিরাপদ খাদ্য আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৩ নং আইন) |

**এ কে এম শহীদুল হক**
বিপিএম, পিপিএম
মহা-পুলিশ পরিদর্শক।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd